# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫০০

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

بَابُ التَّصَاوِيرِ

## আরবী

وَعَنْ بُرَيْدَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ لَعِبَ بِالنَّرْدَشِيرِ فَكَأَنَّمَا صَبَغَ يَدَهُ فِي لَحْمِ خِنْزِيرٍ وَدَمِهِ» . رَوَاهُ مُسْلِمٌ

## বাংলা

৪৫০০-[১২] বুরয়দাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি দাবা (পাশা/শতরঞ্জ) খেলল, সে যেন তার হাতকে শূকরের রক্ত-মাংস দ্বারা রঞ্জিত করল। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২২৬০)-১০, আবূ দাঊদ ৪৯৩৯, ইবনু মাজাহ ৩৭৬৩, সহীহুল জামি‘ ৬৫২৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩০৬২, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার ৬১৫২, আহমাদ ২২৯৭৯, শু‘আবুল ঈমান ৬৪৯৭, আল আদাবুল মুফরাদ ১২৭১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৪৭৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مَنْ لَعِبَ بِالنَّرْدَشِيرِ فَكَأَنَّمَا صَبَغَ...) যে ব্যক্তি নারদাশীর খেলবে সে যেন তার হস্তকে শুকরের রক্ত মাংসে রঞ্জিত করে। অপবিত্র প্রাণীর রক্ত মাংসে হাতকে রঞ্জিত করার কথা নির্দিষ্ট করে বলা হয়েছে যাতে এ খেলায় মানুষের আগ্রহ না থাকে। ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীসটি ইমাম শাফি‘ঈ এবং অধিকাংশ (জামহূর) ‘আলিমের মতে নারদ খেলা হারাম হওয়ার স্বপক্ষে দলীল। ইমাম মুনযিরী (রহিমাহুল্লাহ) বলেনঃ অধিকাংশ ‘আলিমের মতে নারদ খেলা হারাম। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75224

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন